# Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 05 May, 2025

'মাটি বাঁচান, কৃষক বাঁচান, দেশ বাঁচান' এই স্লোগানে পাবনার চাটমোহরে আদর্শ কৃষক সংবর্ধনা এবং কৃষি ও স্বাস্থ্য সুরক্ষা বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (০৫ মে) সকাল ১১টায়

চাটমোহর উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এই সংবর্ধনা ও সেমিনার অনুষ্ঠিত হয়।

লুমিনাস গ্রুপের চাটমোহর উপজেলার ডিলার আব্দুস সালামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন লুমিনাস গ্রুপের ভাইস চেয়ারম্যান শামীম আহমেদ।প্রধান বক্তা ছিলেন মিরাকেল এগ্রো অ্যান্ড কসমেটিকস লিমিটেডের চিফ কনসালটেন্ট কৃষিবিদ আব্দুর রশিদ।

বিশেষ অতিথির বক্তব্য দেন, প্রতিষ্ঠানটির রাজশাহী বিভাগের সিনিয়র কনসালটেন্ট মঞ্জুরুল হুদা, রাজশাহী ডিভিশনাল ইনচার্জ সানোয়ার হোসেন, টেরিটরি সেলস ম্যানেজার জহুরুল ইসলাম জয়, পাবনা জেলা শাখার ডিলার-১ ফজলুর রহমান সোহেল, চাটমোহর প্রেসক্লাবের সভাপতি হেলালুর রহমান জুয়েল, লুমিনাস গ্রুপের মুথরাপুর ইউনিয়ন শাখার ডিলার আলী আক্কাস বেগ।

প্রধান অতিথির বক্তব্যে লুমিনাস গ্রুপের ভাইস চেয়ারম্যান শামীম আহমেদ বলেন,

কৃষক বাঁচলে দেশ বাঁচবে।আর কৃষককে বাঁচাতে মাটি বাঁচাতে হবে।দেশর জনসংখ্যা বাড়ছে, খাদ্যের চাহিদাও বাড়ছে। তার সাথে পাল্লা দিয়ে ফসল উৎপাদন বাড়ানো হচ্ছে আধুনিক

প্রযুক্তি ব্যবহারে। তবে আগের মতো খাদ্যের আর স্বাদ নেই। কারণ জমিতে অতিরিক্ত সার ব্যবহারে মাটির স্বাস্থ্য নষ্ট হয়ে যাচ্ছে।

তিনি বলেন, আমরা লুমিনাস গ্রুপ মাটিকে বাঁচাতে উন্নত প্রযুক্তির মিরাকেল গ্রোথ নিয়ে এসেছি। মাটিকে সুস্থ করতে না পারলে আমরা কেউ বাঁচবো না। যেখানে ইউরিয়া সারের বাড়ছে সেখানে মিরাকেল গ্রোথ ব্যবহার করলে ইউরিয়ার ব্যবহার কমা শুরু করবে। মাটির যে ঘাটতি হচ্ছে সেটা পূরণ করবে।মিরাকেল গ্রোথ ব্যবহার করে কৃষকের ইউরিয়া সারের ব্যবহার অর্ধেকে নেমে আসবে।মাটির স্বাস্থ্য ভাল হবে।বিষমুক্ত খাবার পাওয়া যাবে।

শামীম আহমেদ আরো বলেন, অতিরিক্ত সার ব্যবহারে মাটির স্বাস্থ্য নষ্ট হয়। মিরাকেল গ্রোথ ব্যবহারে সুষম সারের ঘাটতি পূরন করবে। ফলন ভাল হবে। মাটির রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়বে। গাছ হবে মোটাতাজা শক্তিশালী। মাটিতে আলাদা করে বোরন, জিংক দিতে হবে না। ধানের চিটার পরিমাণ অনেক কম হবে।ফলন বেশি পাবে। ফসলের স্বাদ আগের মতো পাওয়া যাবে।সকল কৃষক এটা ব্যবহার করলে সারাদেশে বিষমুক্ত খাবার পাবে সবাই।

শেষে লুমিনাস গ্রুপের ডিলারদের মাঝে সনদপত্রে বিতরন করা হয়।এছাড়া ৬ জন আদর্শ কৃষককে ক্রেস্ট দিয়ে সংবর্ধনা প্রদান করা হয়।

রিটেইলার তারিকুল ইসলামের সঞ্চালনায় এই অনুষ্ঠানের আয়োজন করে চাটমোহরের মা বাবার দোয়া এগ্রো ট্রেডার্স।

কৃষক সংবর্ধনা কৃষক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:11

URL: https://www.timestodaybd.com/public/rajshahi/7758071957